বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

আশ্বিন ২২, ১৪৩১
এফই সার্কুলার পত্র নং ১৭ তারিখ :--------------------
অক্টোবর ০৭, ২০২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়গণ,

হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানিতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রসঙ্গে।

হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানিতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা পরিশোধ বিষয়ে জারিকৃত এফই সার্কুলার নং ২৩, তারিখ ডিসেম্বর ১২, ২০০২ এবং তদ্‌পরবর্তীতে আলোচ্য খাতে বরফ আচ্ছাদন (Protective Glazing)-এর হার বিষয়ে জারিকৃত এফই সার্কুলার/সার্কুলার পত্রের প্রতি আপনাদের মনোযোগ আকর্ষণ করা হলো।

০২। হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানির বিপরীতে নগদ সহায়তা পরিশোধের ক্ষেত্রে বরফ আচ্ছাদনের হার হিসাবায়নের বিষয় অধিকতর স্পষ্ট করার লক্ষ্যে সরকারি সিদ্ধান্তক্রমে জানানো যাচ্ছে যে, রপ্তানিকৃত হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছের বরফ আচ্ছাদনের হার হিসাবায়নের জন্য নিম্নোক্ত পদ্ধতি অনুসরণীয় হবেঃ

$$\text{Protected Glazing Rate} = \frac{\text{Gross Weight-Net Weight}}{\text{Gross Weight}} \text{ X } 100$$

হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানির বিপরীতে ভর্তুকি পরিশোধ সংশ্লিষ্ট সকল এফই সার্কুলার/সার্কুলার পত্রের প্রযোজ্য নির্দেশনাবলী যথারীতি অপরিবর্তিত থাকবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য পরামর্শ দেওয়া হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ হারুন-অর-রশিদ)
পরিচালক (এফইপিডি)
ফোন : ৯৫৩০১২৩